ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় ভ্যানচালকসহ ২ জন নিহত

ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুরে ট্রাকের ধাক্কায় ভ্যানচালক ও এক যাত্রী নিহত হয়েছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের সদর উপজেলার হাটগোপালপুর রাইচরণ-তারিণীচরণ কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলো- সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের ছয়াইল গ্রামের আব্দুল শেখের ছেলে ভ্যানচালক নিপুল শেখ ও আফছার শেখের ছেলে নাজমুল হোসেন।

স্থানীয়রা জানায়, হাটগোপালপুর থেকে ব্যাটারীচালিত একটি ভ্যান যাত্রী নিয়ে ঝিনাইদহের দিকে যাচ্ছিলো। পথে কলেজের সামনে পৌঁছালে ঝিনাইদহ থেকে ঢাকাগামী একটি সবজি বোঝায় ট্রাক ভ্যানটিকে ধাক্কা দেয়। এতে ভ্যানের চালক নিপুল ও আরোহী নাজমুল গুরুতর আহত হয়। সেখান থেকে তাদের উদ্ধার করে মাগুরা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাতে তারা মারা যায়।

মাগুরা সদর হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক মামুন-উর-রশীদ জানান, সন্ধ্যায় হাটগোপালপুর থেকে ২ জন রোগী এসেছিলো। আমরা তাদের ভর্তি করে চিকিৎসা দিচ্ছিলাম। রাতে চিকিৎসাধীন অবস্থায় তারা মারা যায়।

ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার ওসি মোঃ মিজানুর রহমান জানান, খবর পেয়ে সেখানে পুলিশ পাঠানো হয়েছে। এঘটনায় ট্রাকটি আটক করা হলেও চালক পালিয়ে যায়। নিহতের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।